# স্থায়ী সমাধান আর কবে...

## ভোট এলেই পরিযায়ী শ্রমিকদের ফেরানোর তৎপরতা চোপড়ায়

**মনজুর আলম**

**চোপড়া, ২৬ মার্চ :** সারাবছর তাঁদের কথা সেভাবে আলোচিত হয় না। তবে ভোট এলেই খোঁজ শুরু হয়ে যায়। হঠাৎ করেই আলোচনায় চলে আসেন। কিন্তু এঁরা কারা? আর কেউ নন, এঁরা পরিযায়ী শ্রমিক। প্রতিবার ভোটের আগে এঁদের ঘরে ফেরাতে তৎপর হয়ে ওঠেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা। চোপড়া ব্লকও এর ব্যতিক্রম নয়।

চোপড়া ব্লক শ্রম দপ্তর সূত্রে খবর, ২০২৩ থেকে ২০২৬ পর্যন্ত 'কর্মসাথী' প্রকল্পে প্রায় ১৭ হাজারের বেশি আবেদন জমা পড়েছে। অর্থাৎ, কমবেশি এত সংখ্যক মানুষ পরিযায়ী শ্রমিক হিসাবে কর্মরত। বেসরকারি হিসাবে সংখ্যাটা আরও কয়েকহাজার বেশি। বিশেষ করে চা বাগান এবং সীমান্তবর্তী এলাকার মানুষ এই দলে রয়েছেন। ভোট এলেই এই পরিযায়ী শ্রমিকদের তথ্য সংগ্রহ করে তাঁদের বাড়ি ফেরাতে উদ্যোগী হয়ে ওঠেন নেতারা। অনেকের মতে, পরিযায়ী শ্রমিকরা একটি বড় ভোটব্যাংক। তাই তাঁদের সমর্থন পেতে নানা প্রতিশ্রুতি দেওয়া হয়। কখনও বিনামূল্যে যাতায়াতের ব্যবস্থা, কখনও এলাকায় কর্মসংস্থানের নিশ্চয়তার কথা বলে ফিরিয়ে আনা হয়। যদিও ভোট মিটে গেলে কোনও প্রতিশ্রুতিই সেভাবে বাস্তবায়িত হয় না। এবারের ভোটের আগেও এই পরিযায়ী শ্রমিকদের ফেরানোর তৎপরতা শুরু হয়েছে।

চোপড়া ব্লক কংগ্রেস সভাপতি মহম্মদ মশিরউদ্দিন অবশ্য বলছেন, 'বাইরে কর্মরত শ্রমিকদের অনেকে নিজে থেকে যোগাযোগ শুরু করেছেন। তাঁদের ফেরানোর ব্যাপারে গ্রাম পঞ্চায়েতভিত্তিক তালিকা তৈরির কাজ শুরু হয়েছে।' অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের চোপড়া বিধানসভার নির্বাচন কনভেনার তাহের আহমেদের বক্তব্য, 'এ বিষয়ে এখনও দলীয়ভাবে কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে ভাবনাচিন্তা চলছে।'




বিজেপির চোপড়া বিধানসভার নির্বাচনি কনভেনার মিহির দাস জানালেন, কোনও পরিযায়ী শ্রমিক আসতে চাইলে তাঁদের নির্দিষ্ট তথ্য জানাতে হবে। তালিকা তৈরির পর শ্রমিকরা যে রাজ্যে রয়েছেন, সেখানকার দলীয় নেতা-কর্মীরা নিজেদের খরচে বাড়ি পাঠানোর ব্যবস্থা করবেন। সিপিএমের চোপড়া ২ নম্বর এরিয়া কমিটির সম্পাদক বিদ্যুৎ তরফদার অবশ্য জানাচ্ছেন, তাঁরা অন্য রাজনৈতিক দলের মতো টাকা খরচ করে ফিরিয়ে আনার পক্ষপাতী নন।

ভোটের সময় পরিযায়ী শ্রমিকদের ফিরিয়ে আনার এত আগ্রহ দেখালেও, তাঁদের সমস্যার স্থায়ী সমাধানের কথা কেউ ভাবেন না বলে অভিযোগ। এই যেমন ২০২৫ সালের মার্চ মাসে ঘিরনিগাঁও গ্রাম পঞ্চায়েতের জানকিগছ গ্রামের বাসিন্দা ২৭ বছর বয়সি তেজেমুল হক পঞ্জাবের একটি রাইস মিলে কাজ করার সময় মেশিনে কাটা পড়ে মারা যান। তাঁর স্ত্রী আখলিমা খাতুনের অভিযোগ, প্রশাসনের কাছে আবেদন করেও এখনও পর্যন্ত কোনও সহায়তা মেলেনি। একইভাবে,ওই বছরই অক্টোবর মাসে রমজান আলি নামে আরও এক শ্রমিক বেঙ্গালুরু থেকে বাড়ি ফেরার পথে মারা যান। তাঁর পরিবারও এখনও পর্যন্ত কোনও সরকারি সহায়তা পায়নি বলে অভিযোগ।

এলাকার এমন সমস্যা সমাধানে এবারের বিধানসভা নির্বাচনের প্রার্থীদের কোনও পরিকল্পনা রয়েছে? বিষয়টি নিয়ে চোপড়ার বিধায়ক তথা এবারের নির্বাচনের তৃণমূল প্রার্থী হামিদুল রহমান কোনও প্রতিক্রিয়া দিতে রাজি হননি। তবে সিপিএম প্রার্থী মকলেশ্বর রহমান জানালেন, তাঁরা ক্ষমতায় এলে বাগান খোলার উদ্যোগ নেবেন। এর ফলে এলাকায় কর্মসংস্থান বাড়বে। একইভাবে পরিযায়ী শ্রমিকের সংখ্যা ব্যাপক হারে হ্রাস পাবে। অন্যদিকে, বিজেপি প্রার্থী শংকর অধিকারী বললেন, 'জিতলে এলাকাতেই কর্মসংস্থানের উদ্যোগ নেওয়া হবে।' এই আসনে কংগ্রেসের ব্লক কমিটি আগেভাগেই প্রার্থী হিসেবে জাকির আবেদিনের নাম ঘোষণা করেছে। সেই জাকির বললেন, 'ক্ষমতায় এলে এলাকায় শিল্প তৈরির উদ্যোগ নেওয়া হবে।'

এত আশ্বাসের মধ্যেও এলাকায় বারে বারে একটা প্রশ্ন ঘুরপাক খাচ্ছে, কবে থেকে আর 'পরিযায়ী শ্রমিক' হতে হবে না!

### পাহাড়ে ক্ষতির আশঙ্কা

# ভরা মরশুমে ভোট, হতাশা পর্যটন মহলে


**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** পর্যটন মরশুমে ভোট ঘোষণা হওয়ায় পাহাড়ে আর্থিক ক্ষতির আশঙ্কা করছেন ব্যবসায়ীরা। তাঁদের বক্তব্য, ভোটের সময় বিভিন্ন জায়গায় ঝামেলা-অশান্তি, গাড়ির অভাবের জেরে পর্যটকরা ঘোরাঘুরি এড়িয়ে চলেন। পাশাপাশি পর্যটকদের একটা বড় অংশ সরকারি কর্মচারী হওয়ায় তাঁরা ভোটের কাজে যুক্ত থাকেন। ফলে বিধানসভা ভোটের প্রভাব পড়বে পর্যটন ব্যবসায়।

ভোট ঘোষণা হওয়ায় মে মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত পর্যটনে ভাটা থাকবে বলে আশঙ্কা ব্যবসায়ীদের। উত্তরবঙ্গের পর্যটন ব্যবসায়ী রাজ বসুর কথায়, 'ভোটের জেরে পর্যটন ব্যবসায় অবশ্যই প্রভাব পড়বে। কেননা, পর্যটনের ভরা মরশুমের সময়েই ভোট। এপ্রিলের দ্বিতীয় সপ্তাহ থেকে মে পর্যন্ত প্রচুর পর্যটক আসেন। তবে ভোটের সময় অশান্তি-ঝামেলা, গাড়ির সমস্যার কথা ভেবে পর্যটকরা সেভাবে আসেন না।'

বিভিন্ন বেসরকারি স্কুলে পরীক্ষা শেষ, গরমও পড়তে শুরু করেছে। এই সময় এ রাজ্যের পাশাপাশি দেশের অন্য রাজ্য থেকেও প্রচুর পর্যটক দার্জিলিং, কালিম্পং, লাভা, মিরিক, ডুয়ার্সে বেড়াতে আসেন। মূলত মার্চ মাসের দ্বিতীয় সপ্তাহ থেকে মে মাস পর্যন্ত পাহাড়-ডুয়ার্সে পর্যটকদের ভালো ভিড় থাকে।

এই সময়ে রাজ্যে বিধানসভা ভোট ঘোষণা হওয়ায় পর্যটন ব্যবসায়ীদের মাথায় হাত পড়েছে। তাঁরা বলছেন, ভোটের জেরে এবারের গ্রীষ্মকালীন পর্যটন পুরোপুরি মাঠে মারা গেল। দার্জিলিং অ্যাসোসিয়েশন অফ ট্রাভেল এজেন্টসের (ডাটা) সাধারণ সম্পাদক প্রদীপ লামার কথায়, 'নির্বাচনের জন্য ইতিমধ্যেই প্রশাসন গাড়ি নেওয়া শুরু করেছে। ভোট যত এগিয়ে আসবে, রাস্তায় ততই গাড়ি কমবে। ফলে পর্যটকদের যাতায়াতে কিছুটা সমস্যা হবে। এর ফলে আমরা ধরেই নিচ্ছি যে, ভোট না মেটা পর্যন্ত পর্যটকরা পাহাড়ে আসা কমিয়ে দেবেন।' দার্জিলিংয়ের হোটেল ব্যবসায়ী কুন্দন ছেত্রী বললেন, 'ভুবনেশ্বরের সাতজনের একটি দলের এপ্রিলের ১৫ তারিখ থেকে বুকিং ছিল। ভোট ঘোষণা হওয়ায় তাঁরা বুকিং বাতিল করেছেন।'



- পর্যটন মরশুমে ভোট ঘোষণা হওয়ায় পাহাড়ে আর্থিক ক্ষতির আশঙ্কা
- এর ফলে মে মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত পর্যটনে ভাটা থাকবে বলে আশঙ্কা ব্যবসায়ীদের
- এই সময় এ রাজ্যের পাশাপাশি দেশের অন্য রাজ্য থেকেও প্রচুর পর্যটক পাহাড়ে আসেন

পর্যটন ব্যবসায়ীদের সংগঠন হিমালয়ান হসপিটালিটি অ্যান্ড টুরিজম ডেভেলপমেন্ট নেটওয়ার্কের সাধারণ সম্পাদক সম্রাট সান্যাল অবশ্য মনে করছেন, ভোটের জন্য পর্যটনে খুব বেশি প্রভাব পড়বে না। তাঁর মতে, 'মে-জুন মাসে স্কুল বন্ধ থাকায় সেই সময় সবচেয়ে বেশি পর্যটক আসেন। ফলে ভরা মরশুমে ততটা প্রভাব পড়বে না। এপ্রিলেই অল্প কিছু প্রভাব পড়বে।'

## বাবাকে খুনের চেষ্টা, ধৃত ছেলে

**বাগডোগরা, ২৬ মার্চ :** বাবার কাছে পেনশনের টাকা দাবি করে না মেলায় খুনের চেষ্টার অভিযোগ ছেলের বিরুদ্ধে। বুধবার রাতে ঘটনাটি ঘটে বাগডোগরার হরেকৃষ্ণপল্লি এলাকায়। ওই রাতেই অভিযুক্তকে গ্রেপ্তার করে বাগডোগরা থানার পুলিশ। বৃহস্পতিবার অভিযুক্তকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন।

অভিযোগ, বুধবার রাতে হরেকৃষ্ণপল্লির বাসিন্দা মুনেশ্বর মাহাতোর ওপরে চড়াও হন তাঁর ছেলে মোহন মাহাতো। জোর করে মুনেশ্বরের কাছ থেকে পেনশনের টাকা আদায় করার চেষ্টা করেন। টাকা না মেলায় দা দিয়ে বাবার ওপর হামলা করেন বলে অভিযোগ। ঘটনায় মুনেশ্বরের হাত কেটে যায়। রাতেই তাঁকে হাসপাতালে ভর্তি করার পাশাপাশি পুলিশে অভিযোগ জানানো হয়।

মুনেশ্বরের ছোট মেয়ে শকুন্তলার অভিযোগ, 'দাদা প্রায়ই বাবার পেনশনের টাকা দাবি করে। অথচ বাবা দাদাকে আলাদা বাড়ি তৈরি করে বিয়ে দিয়েছে। আগেও কয়েকবার আমাকে, বাবাকে খুনের চেষ্টা করেছে দাদা।'

মোহনের এমন কাণ্ডে হতবাক মুনেশ্বর সহ পরিবারের সকলে। মুনেশ্বরের বড় মেয়ে পুনমের বিয়ে হয়েছে। ঘটনার কথা জানতে পেরে বৃহস্পতিবার বাবাকে দেখতে এসেছিলেন পুনম। তিনি বললেন, 'মোহন বিমানবন্দরে চাকরি করে। পরিবার নিয়ে আলাদা থাকে। বাবা-মাকে দেখে না। তারপরেও বাবার পেনশনের টাকা দাবি করে।'

## ধৃত চোর

**খড়িবাড়ি, ২৬ মার্চ :** বমাল ধরা পড়ল চোর। ধৃতের নাম অজয় নাগাশিয়া। সে খড়িবাড়ি কল্যাণপুরের বাসিন্দা। বৃহস্পতিবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে আদালত ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেয়। সম্প্রতি খড়িবাড়ি প্রেতাজোতের একটি বাড়িতে চুরির ঘটনা ঘটে। তদন্তে নেমে পুলিশ বুধবার রাতে অভিযুক্তকে গ্রেপ্তার করে। পুলিশ জানিয়েছে, ধৃতের কাছ থেকে চুরি যাওয়া সাইকেল, জলের মোটর, ওয়াই-ফাই কানেক্টর উদ্ধার হয়েছে।

## শিলিগুড়ির 'গৌরব' ফেরানোর ডাক অশোকের

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** শিলিগুড়ি শহরের হারিয়ে যাওয়া গৌরব পুনরুদ্ধারের ডাক দিলেন প্রাক্তন মন্ত্রী অশোক ভট্টাচার্য। বৃহস্পতিবার শিলিগুড়ির বাম প্রার্থী শরদিন্দু চক্রবর্তীর সমর্থনে প্রচারপত্রের উদ্বোধনের পর অশোক বলেন, 'বাম আমলে শিলিগুড়িকে রাজ্যের অন্যতম প্রধান শহর হিসেবে অগ্রাধিকার দেওয়া হত। পরিকল্পিত উন্নয়ন, নাগরিক পরিষেবার নিরিখে শিলিগুড়ি তখন মডেল শহর ছিল। কিন্তু বর্তমান পুর বোর্ড সেই উন্নয়নের ধারাকে থমকে দিয়েছে।'

শহরজুড়ে বাম আমলের উন্নয়নের স্লোগান তুলে ভোটারদের মন জয়ে মরিয়া বাম শিবির। বাড়ি বাড়ি গিয়ে সাধারণ মানুষের অভাব-অভিযোগ শোনা থেকে চায়ের আড্ডা, খেলার ময়দান, মন্দির-মসজিদ, জনসংযোগের জন্য কোনও কিছুই বাদ রাখছেন না বাম সমর্থিত সিপিএম প্রার্থী। জনসংযোগে গিয়ে সাধারণ মানুষের কাছ থেকে পজিটিভ সাড়া পাওয়া যাচ্ছে বলে এদিন সাংবাদিক বৈঠকে শরদিন্দু দাবি করেছেন। তিনি বলেছেন, 'শহরের নাগরিক পরিষেবাটুকুও ঠিকমতো দিতে পারছে না বর্তমান পুরনিগম। এজন্য সাধারণ মানুষ ভুক্তভোগী হচ্ছেন। উন্নয়নের লক্ষ্যে এবং শহরের অতীতের ঐতিহ্য ফেরানো ও সম্প্রীতি রক্ষায় মানুষ আমাদের পক্ষেই রায় দেবেন বলে আশা করছি।'

সাধারণ মানুষের ক্ষোভের প্রসঙ্গে তুলে অশোকের বক্তব্য, 'আমরা জিতলে শিলিগুড়ির মানুষের হারানো কণ্ঠস্বর আবার ফিরে আসবে। আমরা প্রতিশ্রুতি দিচ্ছি, সাধারণ মানুষের অধিকার রক্ষা এবং সার্বিক উন্নয়নের জন্য যা যা প্রয়োজন, তা অগ্রাধিকার ভিত্তিতে করা হবে।' প্রার্থী শরদিন্দুকে নিয়ে তাঁর সংযোজন, 'শরদিন্দু একজন স্বচ্ছ ও অভিজ্ঞ রাজনৈতিক ব্যক্তিত্ব। দীর্ঘদিন কাউন্সিলার, মেয়র পারিষদ থাকার সুবাদে শহরের মানুষের সমস্যা তিনি কাছ থেকে দেখেছেন, বোঝেনও। তাঁকে জয়ী করার অর্থ হল শিলিগুড়ির ভবিষ্যতের উন্নয়নকে নিশ্চিত করা।'

বামেদের এই সমালোচনা প্রসঙ্গে ডেপুটি মেয়র রঞ্জন সরকার বলছেন, 'যে শিলিগুড়ি মডেলের কথা তিনি বলছেন, তাতে আসলে কোনও উন্নতি হয়নি। তিনি শুধু মানুষকে বিভ্রান্ত করেছেন। ২০১১ সালের পর থেকে শিলিগুড়ির সমস্ত উন্নয়ন হয়েছে।'

এদিনের সাংবাদিক বৈঠকে সিপিএমের দার্জিলিং জেলা সম্পাদক সমন পাঠক, সম্পাদকমণ্ডলীর সদস্য জীবেশ সরকার উপস্থিত ছিলেন।



রামনবমীর শোভাযাত্রার পথে... বৃহস্পতিবার ইসলামপুর চৌরঙ্গি মোড়ে সুদীপ্ত ভৌমিকের ক্যামেরায়।

## ভোট প্রস্তুতি পরিদর্শন

**নাগরাকাটা, ২৬ মার্চ :** উত্তরবঙ্গ সফরে এলেন সশস্ত্র সীমা বলের মহানির্দেশক সঞ্জয় সিংহল। বৃহস্পতিবার তিনি বাগডোগরা বিমানবন্দরে নেমে বাহিনীর বাগডোগরার ৭০১/এ, রানিনগরের ৭০৮/ই, ময়নাগুড়ির ৭০৩/ডি কোম্পানির দপ্তর পরিদর্শন করেন। বিধানসভা নির্বাচনে মোতায়েন হওয়া বাহিনীর জওয়ানদের কাজকর্ম খতিয়ে দেখতে তাঁর এই পরিদর্শন বলে এসএসবি সূত্রে জানা গিয়েছে।

ভোটের ডিউটিতে কর্মরত জওয়ানদের সঙ্গে কথা বলেন সঞ্জয়। অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য যা যা করণীয় তা নিশ্চিত করার নির্দেশ দেন তিনি। শুক্রবার তিনি আরও কয়েকটি জায়গা পরিদর্শন করবেন বলে খবর। জলপাইগুড়ির সাহেববাড়ির সেক্টর হেডকোয়ার্টারে এসে আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন তিনি।

# প্রধানমন্ত্রীকে নিয়ে বিতর্কিত মন্তব্য কৃষ্ণর

## ভিডিও ভাইরাল হতেই শুরু রাজনৈতিক তর্জা

**জলপাইগুড়ি, ২৬ মার্চ :** প্রধানমন্ত্রীকে নিয়ে বেফাঁস মন্তব্য করে বিতর্কে জড়ালেন জলপাইগুড়ি সদর বিধানসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী কৃষ্ণ দাস। এপস্টাইন ফাইলের প্রসঙ্গ টেনে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির চরিত্র নিয়ে প্রশ্ন তুলেছেন। কৃষ্ণর এমন মন্তব্যের ভিডিও ভাইরাল হতেই শুরু হয়েছে রাজনৈতিক তর্জা। উত্তরবঙ্গ সংবাদ অবশ্য ভিডিওটির সত্যতা যাচাই করেনি। পরে কৃষ্ণর সাফাই, 'আমি তো শুধু এপস্টাইন ফাইলের রিপোর্টের প্রসঙ্গ উল্লেখ করেছি। ওটা আমার কথা নয়।'



> আমি তো শুধু এপস্টাইন ফাইলের রিপোর্টের প্রসঙ্গ উল্লেখ করেছি। ওটা আমার কথা নয়।
>
> **কৃষ্ণ দাস** *তৃণমূল প্রার্থী, জলপাইগুড়ি সদর*

বিধানসভা নির্বাচনের আগে ক্রমশ উত্তপ্ত হয়ে উঠছে জলপাইগুড়ির রাজনৈতিক পারদ। সম্প্রতি তৃণমূল প্রার্থী কৃষ্ণর একটি 'রিপোর্ট কার্ড' সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেছেন বিজেপি যুব নেতা পলেন ঘোষ। সেই রিপোর্ট কার্ডে কৃষ্ণ দাসের বিরুদ্ধে রাজনৈতিক হিসাবনিকাশ, দুর্নীতি এবং স্বজনপোষণ সহ একাধিক অভিযোগ তুলে ধরা হয়েছে। সেই অভিযোগের জবাব দিতে গিয়েই নিজের স্বচ্ছতা প্রমাণের পাশাপাশি বিজেপি এবং প্রধানমন্ত্রীকে আক্রমণ করেছেন কৃষ্ণ।

ভাইরাল ভিডিওতে কৃষ্ণ দাসকে স্পষ্ট ভাষায় বলতে শোনা যায়, 'আমি ভালো না খারাপ, আমি মানুষের কাজ করি কি না, তার রায় দেবে জনগণ।' বিজেপির প্রকাশ করা রিপোর্ট কার্ডের প্রসঙ্গ টেনে তিনি বলেন, 'আমি অন্যের বদনাম করে নিজেকে ভালো প্রমাণ করার চেষ্টা করব না। সাধারণ মানুষ সব দেখছেন এবং তাঁরাই এর যোগ্য জবাব দেবেন।'

এরপরই পলেন প্রসঙ্গে কৃষ্ণের মন্তব্য, 'পলেন ঘোষ কেমন তা মানুষ জানে। ওঁর প্রধানমন্ত্রী, যিনি শিশুদের ছাড়েননি... এপস্টাইন ফাইলে যদি দেখি, তাঁর নাম সেখানে আছে। তাহলে এখানেই বোঝা যায় আমাদের দেশের প্রধানমন্ত্রীর চরিত্র কী।'

তাঁর এমন মন্তব্য ছড়িয়ে পড়তেই কৃষ্ণের নিন্দায় সরব হয়েছে বিজেপি। দলের শিলিগুড়ি জোনের ইনচার্জ বাপি গোস্বামী বলেন, 'কৃষ্ণের অতীত-বর্তমান মানুষ ভালো করেই জানেন। কিন্তু প্রধানমন্ত্রীকে নিয়ে এইসব মন্তব্য করেন কী করে, সেটাই তো বুঝি না।'

বিতর্ক শুরু হলেই কৃষ্ণ অবশ্য অকপট। পরে এপ্রসঙ্গে প্রশ্ন করা হলে তিনি বলছেন, 'এপস্টাইন ফাইলেও তো প্রধানমন্ত্রীর নামে অনেক কেচ্ছার উল্লেখ করা হয়েছে। আসলে আমি এখন প্রার্থী হয়েছি বলে বিজেপি অনেক কিছুই বলবে। শুনে রাখুন, আমি ওই ধরনের মানুষ নই। কোন বিজেপি নেতা কী পোস্ট করল তাতে আমার কিছুই যায় আসে না।'

# মনের খোরাকে মেকানিক নাট্যকর্মী

**আলিপুরদুয়ার, ২৬ মার্চ :** মধ্যবয়স্ক ব্যক্তি। চোখে চশমা, হাতে স্ক্রুড্রাইভার নিয়ে বাইক ঠিক করছেন। গ্রিজের দাগ লেগে ময়লা পোশাক। হাতেও গ্রিজের কালো দাগ। আর পাঁচজন বাইক মেকানিকের মতোই এভাবে সারাদিন কাটে নিবারণ রায়ের। আলিপুরদুয়ার শহরের মাধব মোড় এলাকার বাইকের শোরুমে কর্মরত নিবারণের আরেকটা পরিচয়ও রয়েছে। কাজ করতে দেখলে বা কথা বললেও সেটা বোঝা মুশকিল।

নাটকের প্রতি অকৃত্রিম ভালোবাসা তাঁকে অনেকটাই আলাদা প্রতিষ্ঠা দিয়েছে। কোনও সন্ধ্যায় মঞ্চে অভিনয়ের সময় তাঁকে দেখলে বোঝা মুশকিল যে, সারাদিন বাইকের তেলকালি লেগে থাকে হাতে। নিবারণের কাছেও মঞ্চই শান্তির জায়গা। তাঁর কথায়, 'পেটের খোরাকের জন্য মেকানিকের কাজ আর মনের খোরাকের জন্য নাটক।'

আলিপুরদুয়ার নাটকের শহর হিসেবে পরিচিত। কয়েক দশক ধরে নাট্যজগতে এই শহরের নাট্যকর্মীরা একটা আলাদা জায়গা তৈরি করে নিয়েছেন। নিবারণও তাঁদেরই একজন। শহরের এক নাট্যগোষ্ঠীর সঙ্গে যোগাযোগ হয়েছিল প্রায় ২১ বছর আগে। সেই দলেই প্রায় দুই দশক কাটিয়ে দিয়েছেন। নিবারণের কথায়, 'সংসার চালানোর জন্য মেকানিকের কাজ করি। তবে নাটক আমার কাছে ভালোবাসার জায়গা। কাজের ব্যস্ততার মাঝেও নাটক নিয়ে থাকি। সেটায় আলাদা আনন্দ।'



নাট্যমঞ্চে নিবারণ রায় (পুলিশের পোশাকে)।

শহরের লোহারপুল এলাকার বাসিন্দা নিবারণের পরিবার বলতে স্ত্রী ও এক সন্তান। শহরের বিভিন্ন বাইকের গ্যারাজে কাজ করে হাত পাকিয়েছেন। এরপর একটি বাইকের শোরুমে কাজে ঢোকেন নিবারণ। এখন সংসারের খরচ বাড়ায় নাইটগার্ডের কাজও করতে হয়। দুই কাজের মাঝেও নিবারণ তাঁর শখ নাটককে বাদ দেননি।

অষ্টম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করা নিরাবণ এখনও পর্যন্ত ২০টির বেশি চরিত্রে অভিনয় করেছেন। আলিপুরদুয়ার ছাড়াও কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলা, এমনকি পাশের জেলাতেও গিয়ে নাটক পরিবেশন করেছেন। নিবারণ জানালেন, তাঁর বাবাকে ছোটবেলায় যাত্রা করতে দেখে অভিনয়ের প্রতি ভালোবাসা জাগে। এরপর স্কুলে নাটকের শিক্ষা।





হাকিমপাড়া জিএসএফপি স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্রী রাধিকা দাস। পড়াশোনার পাশাপাশি ছবি আঁকায় পারদর্শী।



# মৃত্যু নিয়ে ভোটরঙ্গ

**নীতেশ বর্মন ও শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** কিশোরীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে শিলিগুড়িতে ফায়দা তোলার চেষ্টার খামতি রাখছে না রাজনৈতিক দলগুলি। প্রতিবাদে ঝড় তুলছে তৃণমূল, বিজেপি এবং সিপিএম। প্রত্যেকে অভিযুক্তের শাস্তি চাইছে। কিন্তু ঘটনার প্রায় চারদিন কেটে গেলেও অভিযুক্ত এখনও বেপাত্তা। অথচ সেই ঘটনাকে কেন্দ্র করে রাজনীতি চরমে।

বিজেপি প্রার্থী শংকর ঘোষ বুধবার সাংবাদিক বৈঠক করে অভিযুক্তকে এদিন সকাল দশটার মধ্যে পাকড়াওয়ের 'ডেডলাইন' বেঁধে দিয়েছিলেন। বেলা বাড়লেও অভিযুক্ত ধরা পড়ার কোনও খবর পুলিশের তরফে না আসায় আন্দোলনের আড়ালেই ভোট প্রচার তীব্র করার রোডম্যাপ জানিয়ে দেন শংকর। তিনি বলেন, 'শুক্রবার আমি এই অবস্থানেই থাকব। তবে শনিবার থেকে আমি বের হব। এই ঘটনাকে সামনে রেখেই শিলিগুড়ি বিধানসভার ৩৩ নম্বর ওয়ার্ডে ঘুরব। এখানে অবস্থান মঞ্চ তো থাকবেই। এছাড়াও প্রতিটি ওয়ার্ডে আমি অবস্থান মঞ্চ করে রাতে থাকব।' জংশনের অবস্থান মঞ্চের পাশ দিয়ে রাস্তার ধার বরাবর এদিন মানববন্ধনও করা হয়।

এদিন অভিযুক্তকে দ্রুত পাকড়াওয়ের দাবিতে পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজার সঙ্গে দেখা করেন দার্জিলিং জেলা তৃণমূলের চেয়ারম্যান সঞ্জয় টিব্রুয়াল। কমিশনারকে দেওয়া স্মারকলিপিতে তিনটি বিষয় উল্লেখ করা হয়েছে। সেগুলোর মধ্যে রয়েছে অভিযুক্তকে দ্রুত পাকড়াও করতে হবে, গুরুত্ব দিয়ে তদন্ত করতে হবে, অভিযুক্তের বিরুদ্ধে প্রয়োজনীয় সমস্ত ধারায় মামলা করতে হবে। তিনি বলেন, 'এখানে আমরা কোনও রাজনীতি করতে চাই না। আমরা ওই পরিবারের পাশে রয়েছি। আমরা ওই অভিযুক্তকে ছাড়ব না। কে আছে, না আছে, আমরা জানি না। ওই পরিবারকে ন্যায় দেওয়ার জন্য রাস্তায় রয়েছি।'

অন্যদিকে, এই ঘটনাকে কেন্দ্র করে তৃণমূল ও বিজেপির বিরুদ্ধে তোপ দেগেছেন শিলিগুড়ির প্রাক্তন বিধায়ক অশোক ভট্টাচার্য। তিনি বলেন, 'শিলিগুড়িতে একাধিক নারী নির্যাতনের ঘটনা ঘটেছে। কোনও ঘটনা নিয়ে বিজেপি কিংবা তৃণমূলকে রাস্তায় নামতে দেখিনি। ঘটনার সঙ্গে সাম্প্রদায়িক ব্যাপারটা লেগে গেলেই তারা সক্রিয় হয়। যখনই এরকম ঘটনা ঘটে, রাজনীতিকরণ করে ফায়দা তোলার চেষ্টা করা হয়।'

এদিন দলীয় প্রচারে ঘটনার নিন্দা করেছেন সাংসদ রাজু বিস্ট। শিলিগুড়ি মেয়র তথা তৃণমূল প্রার্থী গৌতম দেবকে ভালো মানুষ বলে কটাক্ষ করেছেন সাংসদ। তিনি মহাবীরস্থান, নয়াবাজার এলাকায় প্রচার করেছেন। সেখানে রাজু বলেছেন, 'গৌতম দেব ভালো মানুষ। কিন্তু এই সময় তিনি চলবেন না। তিনি শিলিগুড়িকে সুরক্ষিত রাখতে পারবেন না। বিকাশ করতে পারবেন না। ব্যক্তিগত স্তরে ওঁকে সম্মান করি। কিন্তু দাদা কী করছেন? পরিবারটিকে ন্যায় কে দেবে? আপনি বলে দিন পুলিশ প্রশাসন আপনার কথা শুনছে না।'

পালটা গৌতম দেব ঘটনার নিন্দা করে বিজেপি রাজনীতি করছে বলে তোপ দাগেন। গৌতম বলেন, 'তিনি (রাজু বিস্ট) বাংলা বলতে পারছেন ভালো দিক। যাঁরা বাংলায় থাকেন তাঁরাই বাঙালি। রাজু বিস্টকে অনেক শুভেচ্ছা। ওঁর সঙ্গে দেখা হবে ২৩ তারিখ ময়দানে। ফলাফলের দিনও দেখা হতে পারে।' তবে প্রত্যেক রাজনৈতিক দলের অ্যাজেন্ডা রয়েছে। তার বাইরে রাজনৈতিক সৌজন্য থাকা স্বাভাবিক বলে গৌতম দাবি করেছেন।

ঘটনাকে কেন্দ্র করে বঙ্গীয় হিন্দু মহামঞ্চের তরফে আগামী ৩০ মার্চ শিলিগুড়ি বনধের ডাক দেওয়া হয়েছে। সংগঠনের তরফে বিজেপি প্রার্থী শংকরের প্রতিবাদকে সমর্থন জানানো হয়েছে। সংগঠনের সভাপতি বিক্রমাদিত্য মণ্ডল বলেন, 'অবিলম্বে অভিযুক্তকে গ্রেপ্তার না করলে আমরা পথে নামব। বৃহত্তর আন্দোলন হবে। ৩০ মার্চ শিলিগুড়ি বনধের জন্য শহরের সমস্ত স্তরের মানুষকে শামিল হওয়ার ডাক দিয়েছি আমরা।'

> **প্রতিটি ওয়ার্ডে আমি অবস্থান মঞ্চ করে রাতে থাকব।**
> শংকর ঘোষ
>
> **ওই পরিবারকে ন্যায় দেওয়ার জন্য রাস্তায় রয়েছি।**
> সঞ্জয় টিব্রুয়াল
>
> **এমন ঘটনায় আগে বিজেপি-তৃণমূলকে রাস্তায় দেখিনি।**
> অশোক ভট্টাচার্য
>
> **দাদা কী করছেন? পরিবারটিকে ন্যায় কে দেবে?**
> রাজু বিস্ট
>
> **৩০ মার্চ শিলিগুড়ি বনধের ডাক দিয়েছি আমরা।**
> বিক্রমাদিত্য মণ্ডল

# শোভাযাত্রা নিয়ন্ত্রণই আজ চ্যালেঞ্জ

**শমিদীপ দত্ত ও নীতেশ বর্মন**

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** ভোটের মধ্যেই উৎসবের আবহ। এই পরিস্থিতিতে যানজট নিয়ন্ত্রণের পাশাপাশি অপ্রীতিকর ঘটনা এড়াতে সক্রিয় পুলিশ প্রশাসন। রামনবমী উপলক্ষ্যে শোভাযাত্রাকে কেন্দ্র করে যানজট সমস্যার সমাধানে বৃহস্পতিবার একাধিক নির্দেশিকা জারি করে শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশ। এছাড়া এদিন সকাল থেকেই শহরের মূলত স্পর্শকাতর এলাকাগুলো ঘুরে দেখলেন পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজা। তাঁর বক্তব্য, 'রামনবমী যাতে নির্বিঘ্নে পালিত হয়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।'

এদিন সকাল থেকেই তিনি চতুর্থ মহানন্দা সেতু সংলগ্ন এলাকা, ঝংকার মোড়, এনটিএস মোড় সহ সংলগ্ন এলাকাগুলো ঘুরে দেখেন।

অন্যদিকে, এদিন বেলা বাড়তেই ট্রাফিক সংক্রান্ত নির্দেশিকা জারি করা হয়। সেই নির্দেশিকায় বলা হয়েছে, পরিবহণনগর থেকে ফাঁসিদেওয়া আন্ডারপাস ভায়া খাপরাইল মোড়, পরিবহণনগর মোড় থেকে চেকপোস্ট ভায়া দার্জিলিং মোড়, দার্জিলিং মোড় থেকে নৌকাঘাট মোড় ভায়া এয়ারভিউ মোড় পর্যন্ত রাস্তায় সকাল আটটা থেকে রাত নয়টা পর্যন্ত কোনও ধরনের গাড়ি যাতায়াত করতে পারবে না। নির্দিষ্ট করা ওই সময়ে ফাঁসিদেওয়া আন্ডারপাস থেকে ফুলবাড়ি বাইপাস ভায়া চটহাট মেডিকেল মোড়ে কোনও ধরনের পণ্যবাহী গাড়ি চলবে না। খালপাড়া থেকে কোনও ট্রাক বের হবে না।

জলপাই মোড় থেকে থানা মোড়, অন্যদিকে দার্জিলিং মোড় থেকে জলপাই মোড় ভায়া এয়ারভিউ মোড়ে কোনও বাস চলবে না।

এছাড়াও শিলিগুড়ি থেকে জলপাইগুড়ি, কোচবিহার রুটের বাস ছাড়া হবে নৌকাঘাট মোড় থেকে। কলকাতা, বিহারগামী বাস পরিস্থিতি বিচার করে ছাড়া হবে নৌকাঘাট কিংবা ফাঁসিদেওয়া আন্ডারপাস থেকে। সমস্ত ধরনের লোকাল বাসও ছাড়া হবে নৌকাঘাট মোড় থেকে। এছাড়াও ডুয়ার্সগামী কলকাতা, বিহারগামী বাস ডাইভার্ট করে ইস্টার্ন বাইপাস হয়ে নৌকাঘাট দিয়ে মার্ডার মোড়ে পাঠানো হবে।

ট্রাকের ক্ষেত্রেও থাকছে একাধিক নির্দেশিকা। পাহাড় থেকে চেকপোস্টের দিকে নামা ট্রাক ইস্টার্ন বাইপাস, ফুলবাড়ি ঘোষপুকুর দিয়ে ঘোরানো হবে। বিধাননগরের দিক থেকে ডুয়ার্স ও পাহাড়ের দিকে যাওয়া ট্রাক ঘোষপুকুর, ফুলবাড়ি, ইস্টার্ন বাইপাস দিয়ে যাবে।

জলাইগুড়ির দিক থেকে আসা ট্রাক গন্ডার মোড় হয়ে ইস্টার্ন বাইপাসে উঠবে। অন্যদিকে, পুলিশ সূত্রে খবর, সবমিলিয়ে ৫০টি মিছিল বের হবে শহরে। পুলিশ থেকে ইতিমধ্যেই মিছিলের উদ্যোক্তাকে একাধিক নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। তার মধ্যে একটি গুরুত্বপূর্ণ নিষেধাজ্ঞা হল, ছোটদের হাতে কোনওভাবেই অস্ত্র দেওয়া হবে না। দেখা গেলে, আইনত ব্যবস্থা নেওয়া হবে। এমনকি হিলকার্ট রোডের একাধিক জায়গায় সিসিটিভিও লাগানো হয়েছে।

অন্যদিকে, রামনবমীতে মদের দোকান বন্ধের দাবি তুলেছে বঙ্গীয় হিন্দু মহামঞ্চ। বৃহস্পতিবার সকালে সদস্যরা শহরের বেশ কয়েকটি মদের দোকানে ১২ ঘণ্টার জন্য বন্ধের আবেদন জানিয়ে পোস্টার সাঁটিয়েছিলেন। তাঁদের দাবি ছিল, অপ্রীতিকর ঘটনা এড়াতে এবং ধর্মীয় ভাবাবেগে যাতে আঘাত না লাগে সেজন্য আবেদন করা হচ্ছে। আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার কথা জানিয়েছিলেন ব্যবসায়ীরা। যদিও এদিন রাতের দিকে বঙ্গীয় হিন্দু মহামঞ্চের তরফে জানানো হয়, পুলিশ কমিশনারের নির্দেশে শুক্রবার ১২ ঘণ্টা মদের দোকান বন্ধ রাখা হবে শহরে। এদিন পুরসভার ৪৬ নম্বর ওয়ার্ডের গ্রিন পার্কে তৃণমূল প্রার্থী তথা মেয়র গৌতম দেবকে রামনবমী উপলক্ষ্যে একটি কলসযাত্রায় অংশ নিতে দেখা গিয়েছে। বিজেপি সাংসদ রাজু বিস্টও দলীয় প্রার্থীর প্রচারে গদা হাতে মিছিলে হেঁটেছেন। সেখানেও রাম নামের ধ্বনি উঠেছিল।



> পরিবহণনগর থেকে ফাঁসিদেওয়া আন্ডারপাস ভায়া খাপরাইল মোড়
>
> পরিবহণনগর মোড় থেকে চেকপোস্ট ভায়া দার্জিলিং মোড়
>
> দার্জিলিং মোড় থেকে নৌকাঘাট মোড় ভায়া এয়ারভিউ মোড়
>
> সকাল আটটা থেকে রাত নয়টা পর্যন্ত গাড়ি চলাচল নিষিদ্ধ
>
> জলপাইগুড়ি, কোচবিহার রুটের বাস ছাড়বে নৌকাঘাট মোড় থেকে
>
> সমস্ত ধরনের লোকাল বাস ছাড়া হবে নৌকাঘাট মোড় থেকে



বীরদর্পে অস্ত্র উঁচিয়ে।। বৃহস্পতিবার ইসলামপুরে রাজু দাসের তোলা ছবি।

## রামনবমী ঘিরে সরব ইসলামপুর

# মিছিল রোখায় প্রতিবাদে পথে প্রার্থী

**অরুণ ঝা**

**ইসলামপুর, ২৬ মার্চ :** ভোট যে বড় বালাই তা বৃহস্পতিবার ইসলামপুর শহরের ঐতিহ্যবাহী রামনবমীর শোভাযাত্রায় ফের প্রমাণ হল। রাজনীতিমুক্ত থাকল না শোভাযাত্রা। শাসক থেকে বিরোধী দলের প্রার্থীরা সকলেই মানুষের মন পেতে রামপুজো থেকে শুরু করে শোভাযাত্রায় হাঁটা সবই করেছেন। বিজেপি প্রার্থী চিরঞ্জিৎ রায় মিছিল আটকে দেওয়ায় পুলিশের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে সড়কে বসে পড়েন। বুধবার প্রার্থী ঘোষণার পর তিনি বলেছিলেন, 'ধর্মীয় বিষয়ের সঙ্গে আমি রাজনীতি মেলাতে নারাজ।' স্বভাবতই বিশ্ব হিন্দু পরিষদ আয়োজিত শোভাযাত্রায় পুলিশের বিরুদ্ধে অভিযোগ তুলে গেরুয়া শিবিরের প্রার্থীর রাস্তায় বসে পড়া নিয়ে বিতর্ক এখন তুঙ্গে। যদিও প্রার্থীর যুক্তি, 'একজন নাগরিক হিসেবে আমি প্রতিবাদে রাস্তায় বসে ছিলাম।' তৃণমূল প্রার্থী কানাইয়ালাল আগরওয়াল বুধবার রাত থেকেই বিশ্ব হিন্দু পরিষদের শীর্ষ নেতাদের পাশে নিয়ে খিচুড়ি প্রসাদ রান্না ও বণ্টনের প্রস্তুতি খতিয়ে দেখেন। সেই ছবি তাঁর ফেসবুক প্রোফাইল থেকে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা হয়। বৃহস্পতিবার কানাইয়া স্টেট ফার্ম কলোনিতে রামপুজো দিতেও পৌঁছান। তারপর পার্টি অফিসের সামনে বসে তিনি শোভাযাত্রাকে স্বাগত জানান এবং আবির মেখে কিছুটা পথ হেঁটেও যান।

ইসলামপুরে রামনবমীর মূল শোভাযাত্রায় অংশগ্রহণ করতে যাওয়ার পথে গ্রামের একটি মিছিল আটকে দেয় পুলিশ। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয় বলঞ্চা এলাকায়। মূলত বলঞ্চা কলোনি, রায়পাড়া এলাকার বাসিন্দারা মিছিল করে ইসলামপুর শহরে রামনবমীর মূল শোভাযাত্রায় অংশগ্রহণ করতে যাচ্ছিল। কিন্তু মিছিলটি ভুল রুটে ঢোকার কারণে সেটি আটকে দেয় পুলিশ।

তবে শোভাযাত্রায় শামিল ভক্তরা জানিয়েছেন, প্রতি বছর তাঁরা এই রাস্তা দিয়েই শোভাযাত্রায় অংশগ্রহণ করতে যান। রুট বদলানোর বিষয়ে তাঁদের আগের থেকে কিছু জানানো হয়নি। মিছিলটি আটকে দেওয়ার কারণে বাসিন্দারা রাস্তার উপর বসে পড়েন। দফায় দফায় পুলিশের সঙ্গে বাগবিতণ্ডায় জড়িয়ে পড়েন তাঁরা। খবর পেয়ে কেন্দ্রীয় বাহিনী সহ বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে পৌঁছায়। প্রায় এক ঘণ্টা আটকে থাকার পর পুলিশের কথা মেনে শোভাযাত্রাটি অন্য রাস্তা দিয়ে মূল শোভাযাত্রার দিকে এগিয়ে যায়।

'পুলিশ শোভাযাত্রা আটকে দিয়েছে' এই খবর ছড়িয়ে পড়তেই শহরের মূল শোভাযাত্রায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। আয়োজকরা তিস্তা মোড় সংলগ্ন এলাকায় রাস্তায় বসে প্রতিবাদ জানাতে থাকেন।

বিশ্ব হিন্দু পরিষদের উত্তরবঙ্গের প্রান্তীয় কর্মকর্তা বলেন, 'পুলিশের ভূমিকা ভালো ছিল। রুট নিয়ে সামান্য কিছু ভুল বোঝাবুঝি হলেও পরে তা মিটে গিয়েছে। কয়েক লক্ষ মানুষের সমাগমে সুন্দরভাবে সমস্ত সম্পন্ন হয়েছে।'



ইসলামপুরে পথে প্রতিবাদে সরব বিজেপি প্রার্থী। বৃহস্পতিবার।



> ■ ইসলামপুরে শোভাযাত্রায় অংশ নিতে যাওয়ার পথে মিছিল আটকে দেয় পুলিশ
>
> ■ গ্রাম থেকে আসা ওই মিছিলটি ভুল রুটে ঢোকার কারণে সেটি আটকে দেয় পুলিশ
>
> ■ বলঞ্চা কলোনি, রায়পাড়া এলাকার বাসিন্দারা শোভাযাত্রায় অংশ নিতে যাচ্ছিলেন

## তরুণের জামিনে পুলিশের ভূমিকায় প্রশ্ন

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** বিকৃত ছবি দিয়ে ফেসবুকে ভুয়ো অ্যাকাউন্ট তৈরির ঘটনায় অভিযুক্ত অমর দত্তর জামিন হওয়ায় পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুললেন ওই তরুণী। বিষয়টা নিয়ে বৃহস্পতিবার তিনি শিলিগুড়ি পুলিশ কমিশনারকে চিঠি দিয়েছেন। তাঁর অভিযোগ, 'ওই তরুণের বিরুদ্ধে পুলিশ লঘু মামলা করেছিল, সমস্তটাই জামিনযোগ্য ধারায়। আমি নিরাপত্তাহীনতায় ভুগছি।' যদিও অভিযোগমতো নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করা হয়েছিল বলে সাইবার ক্রাইম থানার তরফে জানানো হয়েছে। উল্লেখ্য, অশ্লীল ছবি বানিয়ে তাঁর নামে ফেসবুকে ভুয়ো অ্যাকাউন্ট তৈরির অভিযোগ তুলে গত বুধবার লিখিত অভিযোগ দায়ের করেছিলেন ওই তরুণী। অভিযোগের পরিপ্রেক্ষিতে ওই তরুণকে গ্রেপ্তার করেছিল সাইবার ক্রাইম থানার পুলিশ।

## কর্মসূচি

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে বেকার বিরোধী দিবসের প্রতিবাদ জানাবে ডিওয়াইএফআই। ২৮ মার্চ হাসমি চকে দুপুর দুটো থেকে এই প্রতিবাদী সাংস্কৃতিক কর্মসূচি শুরু হবে। বৃহস্পতিবার সংগঠনের দার্জিলিং জেলা কমিটির তরফে অনিল বিশ্বাস ভবনে একটি সাংবাদিক বৈঠক করে একথা জানানো হয়। সেখানে জেলা সম্পাদক সাগর শর্মা বলেন, 'ভাঁওতা নয়, কাজ দাও। এই দাবিতে আমরা এই দিনটি পালন করব। বেকারত্ব, দুর্নীতি ও ধর্মীয় বিভাজন দূর করতে বামপন্থাই ভরসা।'

## বসন্তকালে আদ্যাশক্তির আরাধনা



অষ্টমীতে ভারতনগরের নবরবি সংঘের প্রতিমা। ছবি : সূত্রধর

# এখনও অধরা ফেরার ট্রাকচালক

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** বমাল ট্রাক বেপাত্তা হয়ে যাওয়ার ঘটনায় ধৃত ২ অভিযুক্তকে ট্রানজিট রিমান্ডে এনে বৃহস্পতিবার জলপাইগুড়ি জেলা আদালতে পেশ করে ভক্তিনগর থানার পুলিশ। গ্রেপ্তার হওয়া দুজনের নাম আবুল সায়েদ ও জাইরুল ইসলাম। দুজনই অসমের ধুবড়ির বাসিন্দা। এদিন বিচারক তাঁদের পাঁচদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছেন। এদিকে চালক সহ চক্রের বাকি সদস্যদের খোঁজ চলছে।

ঘটনা গত ১১ মার্চের। ট্রান্সপোর্টের মাধ্যমে প্রায় ৩২ লক্ষ টাকার জিনিস শিলিগুড়ি থেকে অসমে পাঠাচ্ছিলেন জনৈক ব্যবসায়ী। সময়মতো সেই মাল না পৌঁছোনোয় গত ১৯ মার্চ পুলিশের দ্বারস্থ হন তিনি। লিখিত অভিযোগে বলেন, 'ট্রান্সপোর্টারের মাধ্যমে ৩২ লক্ষ টাকার সামগ্রী পাঠিয়েছিলাম। তবে এখনও সেই ট্রাক অসমে পৌঁছোয়নি। এমনকি, চালকের সঙ্গে কোনও যোগাযোগ করা যাচ্ছে না।' এরপরেই পুলিশ তদন্তে নামে।

শেষপর্যন্ত মঙ্গলবার অসমের বৈরাগীমঠ থেকে উদ্ধার হয় উধাও হওয়া ট্রাকটি। পুলিশ সূত্রে খবর, মাল নিয়ে যাওয়ার নামে আসলে ওই ট্রাকটি বিক্রির ছক কষেছিল জড়িতরা। পাশাপাশি পুলিশের ধারণা, ওই দুষ্কৃতীচক্রের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে রয়েছেন ট্রাকচালক। এদিকে, মঙ্গলবার রাতেই সায়েদ এবং জাইরুলকে হেপাজতে নেয় ভক্তিনগর থানার পুলিশ। তাঁদের জিজ্ঞাসাবাদ করে অসমের বিলাসীপাড়া এলাকা থেকে খোয়া যাওয়া মালের ৮০ শতাংশ উদ্ধার করতে পেরেছে পুলিশ। যদিও ট্রাকচালকের হদিস না মেলায় রহস্য ঘনীভূত হচ্ছে।

## গ্রেপ্তার ২

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** স্বামীজি মোড় সংলগ্ন একটি বাড়ির এসির আউটবক্স চুরির ঘটনায় জড়িত থাকার সন্দেহে বৃহস্পতিবার দুজনকে গ্রেপ্তার করে পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশ। ধৃতদের নাম অজয় বর্মন ও সাব্য বেগম। ধৃতরা কোয়েলা ডিপোর বাসিন্দা। পুলিশ জানিয়েছে, ১৮ মার্চ স্বামীজি মোড় সংলগ্ন একটি বাড়ি থেকে এসির আউটবক্স চুরি হয়। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্তে নামে পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশ। পুলিশ এদিন প্রথমে অজয়কে গ্রেপ্তার করে। জিজ্ঞাসাবাদে অজয় জানায়, সে চুরির জিনিস সাব্যকে বিক্রি করেছিল। এরপর পুলিশ সাব্যকে গ্রেপ্তার করে। ধৃতদের শুক্রবার শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করা হবে বলে জানিয়েছে পুলিশ।

# জনসংযোগে ফের প্রশ্নের মুখে গৌতম

## সামাজিক প্রকল্প, বেআইনি নির্মাণ নিয়ে নালিশ

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** ভোট প্রচারের ময়দানে অভাব-অভিযোগ যেন কিছুতেই পিছু ছাড়ছে না শিলিগুড়ির তৃণমূল কংগ্রেস প্রার্থী গৌতম দেবের। বৃহস্পতিবারও প্রচারে বেরিয়ে শহরবাসীর বিভিন্ন প্রশ্নের মুখে পড়েন গৌতম। বার্ধক্য ভাতা, লক্ষ্মীর ভাণ্ডার, বেআইনি নির্মাণ নিয়ে বাসিন্দারা গৌতমকে চেপে ধরেন। এদিকে, দ্রুত সমস্যা মেটানোর আশ্বাস দিয়ে সোজা হাঁটা দেন গৌতম।

বৃহস্পতিবার দিনভর বিভিন্ন ওয়ার্ডে জনসংযোগ করেন গৌতম। সকালে পুরনিগমের ৪৬ নম্বর ওয়ার্ডের গ্রিন পার্ক এলাকায় ভগবদ্গীতা পাঠের আসরে অংশ নেন তৃণমূল প্রার্থী। সেখান থেকে তিনি একটি কলসযাত্রাতেও শামিল হন। দুপুরে ২১ নম্বর ওয়ার্ডে জনসংযোগে বের হন। ওয়ার্ডের দলীয় কার্যালয় থেকে শুরু করে জীবনানন্দ দাস সরণি, বিপ্লবী কানাইলাল দত্ত সরণি, রবীন্দ্রনগর, দাসপাড়া সহ অন্য রাস্তায় ঘুরে ঘুরে সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন এবং ভোটপ্রার্থনা করেন। কোথাও আবার দোকানে উনুনে রান্না হতে দেখে এগিয়ে গিয়ে বলে ওঠেন, 'বিজেপি রান্নার গ্যাস বন্ধ করে দিয়েছে। এই জন্য এবার বিজেপি নয়, তৃণমূলকে ভোট দিতে হবে।'

তৃণমূল প্রার্থী ভোট প্রচারে আসবেন শুনে দাসপাড়ায় বাড়ির সামনেই বসেছিলেন এক বৃদ্ধ দম্পতি। তাঁরা চার বছর ধরে বার্ধক্য ভাতার জন্য আবেদন করেও পাননি। এদিন গৌতমকে সামনে পেয়ে এগিয়ে এসে বৃদ্ধা কল্যাণী ঘোষ তাঁকে বলেন, 'ভোট তো দেব কিন্তু চার বছর ধরে আবেদন করেও আমরা দুজন বার্ধক্য ভাতা পাচ্ছি না। এখানকার কাউন্সিলার পুরভোটের প্রচারে এসে বলেছিলেন যে, জিতলে বার্ধক্য ভাতা করে দেব। কিন্তু তারপর চার বছর পেরিয়ে গিয়েছে। অনেকবার বলেছি, কিন্তু হয়নি।'

গৌতম সঙ্গে সঙ্গে কাউন্সিলার কুন্তল রায়কে ডেকে দ্রুত বার্ধক্য ভাতার ব্যবস্থা করতে বলেন। তৃণমূল প্রার্থী তথা শিলিগুড়ির মেয়র ওই দম্পতিকে বলেন, 'আমার ওপর আস্থা রাখুন, দ্রুত বার্ধক্য ভাতার ব্যবস্থা করছি।'

এখান থেকে দু'পা এগোতেই গৌতমের কাছে লক্ষ্মীর ভাণ্ডার নিয়ে নালিশ করেন বিউটি দাস। তাঁর বক্তব্য, 'দু'বছর আগে দুয়ারে সরকার শিবিরে গিয়ে লক্ষ্মীর ভাণ্ডারের জন্য আবেদন করেছি। কাজ না হওয়ায় তারপরেও একাধিকবার শিবিরে গিয়েছি, বরো অফিসে গিয়েছি। কিন্তু লক্ষ্মীর ভাণ্ডার পাচ্ছি না।' তাঁর বিষয়টিও খাতায় লিখে নিয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন গৌতম।

এদিন, দাসপাড়াতে একটি নির্মীয়মাণ ফ্ল্যাটের সামনে প্রচার সারছিলেন গৌতম। সেখানে দেবাশিস পাল নামে এক বাসিন্দা তাঁর কাছে অভিযোগ করেন, নিয়ম মেনে দুটি বাড়ির মাঝে জায়গা না রেখে এই ফ্ল্যাটটি তৈরি করা হচ্ছে। প্রতিবাদ করলে এখান থেকে উচ্ছেদ করে দেওয়ার হুমকি দিচ্ছে। কীভাবে পুরনিগম এই নির্মাণের অনুমতি দিল সেই প্রশ্নও তুলেছেন ওই বাসিন্দা।

সঙ্গে সঙ্গে মেয়র তাঁকে আশ্বস্ত করেন, 'নির্মাণকারীকে ডেকে কথা বলে বিল্ডিং প্ল্যানও খতিয়ে দেখা হবে।' বিকেলে ১৬ নম্বর ওয়ার্ডেও বাড়ি বাড়ি জনসংযোগ করেন গৌতম। তাঁর সঙ্গে এদিন ডেপুটি মেয়র রঞ্জন সরকার সহ দলীয় নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।



২১ নম্বর ওয়ার্ডে জনসংযোগে প্রার্থী গৌতম দেব। বৃহস্পতিবার। –সংবাদচিত্র

## রাস্তা সংস্কারের আশ্বাস

**শিলিগুড়ি, ২৬ মার্চ :** ৪২ নম্বর ওয়ার্ডের বেহাল রাস্তা নিয়ে উত্তরবঙ্গ সংবাদে খবর প্রকাশ হতেই বৃহস্পতিবার ঘটনাস্থলে পৌঁছালেন এলাকার কাউন্সিলার শোভা সুব্বা। বুধবার পুরনিগমের ৪২ নম্বর ওয়ার্ডের সর্বপল্লি এলাকার রাস্তা দীর্ঘদিন ধরে বেহাল থাকায় রাস্তা মেরামতের কাজ শুরু না হলে ভোট বয়কটের ডাক দেন মহিলাদের একাংশ। এদিন এলাকায় গিয়ে রাস্তা মেরামতের কাজ শুরুর আশ্বাস দেন কাউন্সিলার।



